

## বালি রুটে সরাসরি ফ্লাইট চালু সৌদিয়ার

- A Monitor Desk Report

Date: 04 April, 2025



ঢাকাঃ জেদ্দা থেকে ইন্দোনেশিয়ার বালি রুটে সরাসরি ফ্লাইট চালু করেছে সৌদি আরবের জাতীয় এয়ারলাইনস সংস্থা সৌদিয়া। এটি ইন্দোনেশিয়ায় তাদের দ্বিতীয় নিয়মিত গন্তব্য। এর আগে জাকার্তায় ফ্লাইট পরিচালনা করছিল উড়োজাহাজ সংস্থাটি।

৩১ মার্চ প্রথম ফ্লাইট এসভি৮৫৬ বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার নিয়ে জেদ্দার কিং আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বালির উদ্দেশে যাত্রা করে। নতুন এ রুটে সপ্তাহে তিনটি ফ্লাইট চলবে।

সৌদি এয়ারলাইনস জানিয়েছে, তাদের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক নেটওয়ার্কের পাশাপাশি ফ্লাইটম জোটের সদস্যদের পরিচালিত পরিষেবার সঙ্গে সংযোগ স্থাপনের জন্য ফ্লাইটের সময়সূচি সমন্বয় করা হয়েছে।

বালি রুট চালু করার মাধ্যমে এয়ারলাইনসটি চলতি বছর ১১টি নতুন গন্তব্য চালুর পরিকল্পনার অংশ হিসেবে ভিয়েনা, ভেনিস, লারনাকা, এথেন্স, হেরাক্লিয়ন, নিস, মালাগা ও এল-আলামেইনসহ আরো কয়েকটি রুটে ফ্লাইট পরিচালনা করবে।

গত বছর সৌদি এয়ারলাইনস তাদের আন্তর্জাতিক যাত্রী পরিবহনে ১৬ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে। সৌদি আরবের জাতীয় পর্যটন কৌশল অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে ১৫ কোটি পর্যটক আকর্ষণ ও ১৬ লাখ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

সৌদি এয়ারলাইনস নতুন ও মৌসুমি গন্তব্য সংযোজনের মাধ্যমে প্রতিযোগিতামূলক অবস্থান ধরে রাখতে ও আন্তর্জাতিক সংযোগ বাড়াতে কাজ করছে। বালি রুটে বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার ব্যবহার করা হবে, যাতে উন্নত প্রযুক্তি, প্রশস্ত আসন ও বিভিন্ন বিনোদন সুবিধা রয়েছে।

বর্তমানে সৌদি এয়ারলাইনস বোয়িং ও এয়ারবাসের ১৪৭টি বিমান পরিচালনা করছে। আগামী দিনে ১১৮টি নতুন বিমান যোগ করার মাধ্যমে তাদের সক্ষমতা ও রুট কভারেজ বাড়ানোর পরিকল্পনা রয়েছে।

চলতি বছরের মধ্যে সৌদিয়া তুরস্কের আনাতালিয়া ও ওমানের সালালাহ রুটেও ফ্লাইট চালু করবে। এতে চারটি মহাদেশজুড়ে তাদের গন্তব্য ১০০টিরও বেশি হবে।

সৌদির এয়ার কানেক্টিভিটি প্রোগ্রামকে সমর্থন করে এরই মধ্যে ৬০টির বেশি সরাসরি রুট চালু করেছে সৌদি এয়ারলাইনস। বর্তমানে প্রতিদিন ৫৩০টিরও বেশি ফ্লাইট পরিচালিত হচ্ছে।

বেসামরিক উড়োজাহাজ চলাচল কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, গত বছর সৌদি আরবে প্রায় ৯ লাখ ৫ হাজার ফ্লাইট পরিচালিত হয়েছে, যা আগের বছরের তুলনায় ১১ শতাংশ বেশি। এর মধ্যে ৪ লাখ ৭৪ হাজার অভ্যন্তরীণ ও ৪ লাখ ৩১ হাজার আন্তর্জাতিক ফ্লাইট। এছাড়া এয়ার কানেক্টিভিটি ২০ শতাংশ বেড়েছে, যা সৌদি আরবকে বিশ্বব্যাপী ১৭০টিরও বেশি গন্তব্যের সঙ্গে সংযুক্ত করেছে।

-B